

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭২৮ ২৯/ দু'আ ও যিকর পরিচ্ছেদঃ সাময়িক যিকর ও দু'আ

আরবী

وَعَنِ ابنِ عَبَّاسٍ رَضِيَ اللهُ عَنْهُمَا : أَنَّ رَسُوْلَ اللهِ ﷺ كَانَ يَقُوْلُ عِنْدَ الكَرْبِ لَا إِلَٰهَ إِلاَّ اللهُ العَظِيمُ الحَلِيمُ لَا إِلَٰهَ إِلاَّ اللهُ رَبُّ العَرْشِ العَظيمِ لَا إِلَٰهَ إِلاَّ اللهُ رَبُّ السَّمَاوَاتِ، وَرَبُّ الأَرْضِ، وَرَبُّ العَرْشِ الكَرِيمِ متفق عَلَيْهِ

বাংলা

(৩৭২৮) ইবনে আব্বাস (রাঃ) থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বিপদ ও কষ্টের সময় এই দু'আ পড়তেন, 'লা ইলা-হা ইল্লাল্লা-হুল আযীমূল হালীম, লা ইলা-হা ইল্লাল্লা-হু রাব্বুল আরশিল আযীম, লা ইলা-হা ইল্লাল্লা-হু রাব্বুস সামা-ওয়া-তি অরাব্বুল আর্যিব অরাব্বুল আরশিল কারীম।'

অর্থ, আল্লাহ ছাড়া কোন সত্য মা'বুদ নেই; যিনি সুমহান, সহিষ্ণু। আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই; যিনি সুবৃহৎ আরশের প্রতিপালক। আল্লাহ ছাড়া কোন সত্য আরাধ্য নেই; যিনি আকাশমণ্ডলী, পৃথিবী ও সম্মানিত আরশের অধিপতি।

ফুটনোট

(বুখারী ৬৩৪৫, মুসলিম ৭০৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন